

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিয়া, নড়াইল।


বিষয়ঃ সেপ্টেম্বর/২০১৯ মাসের অনুষ্ঠিত উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক কমিটির সভার কার্যবিবরণীঃ
সভার তারিখঃ ৩০ সেপ্টেম্বর ২০১৯ খ্রিঃ
সময়ঃ বেলা ১০.৩০ ঘটিকা
স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সম্মেলন কক্ষ, কালিয়া, নড়াইল।
সভাপতিঃ মোঃ নাজমুল হুদা
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।

(সভায় উপস্থিত এবং অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক")

সভার শুরুতে উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সরকার ঘোষিত “রূপকল্প-২০২১” বাস্তবায়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে স্বল্প খরচে দ্রুততম সময়ে জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে সভায় নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	তথ্য বাতায়নসমূহ হালনাগাদকরণ	তথ্যবাতায়ন হালনাগাদকরণ একটি চলমান প্রক্রিয়া। জাতীয় তথ্যবাতায়ন ব্যবহারকারী সরকারি দপ্তরসমূহের কর্মকর্তা-কর্মচারীদের হালনাগাদ ও অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য নিয়মিত আপলোডকরণ বিষয়ে আলোচনা হয়।	এ উপজেলার সকল তথ্যবাতায়ন হালনাগাদ রাখতে সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপজেলার সকল অফিস প্রধান, সহকারী প্রোগ্রামার।
২	ই-নথি সিস্টেমের মাধ্যমে কার্যক্রম জোরদারকরণ	এ উপজেলার যে সকল দপ্তরসমূহের ই-নথি সিস্টেমের ওপর প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে সে সকল দপ্তরসমূহকে ই-নথি সিস্টেমের মাধ্যমে পত্র যোগাযোগ করার বিষয়ে আলোচনা হয়।	এ উপজেলায় যে সকল দপ্তরের ই-নথি সিস্টেমের ওপর প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে এবং লাইভ-এ আছে সে সকল দপ্তরে ই-নথি সিস্টেমের মাধ্যমে পত্র যোগাযোগ করার জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানদের অনুরোধ জানানো হয়।	উপজেলার সকল দপ্তর প্রধান।
৩	উপজেলা আইসিটি কমিটির সভার অনুষ্ঠান	উপজেলা আইসিটি কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	উপজেলা আইসিটি কমিটির সভা নিয়মিতভাবে অনুষ্ঠান এবং কমিটির সকল সদস্যের উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার
৪	শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন	এ বিষয়ে বিস্তারিত আলোচনাকালে উপজেলা সহকারী প্রোগ্রামার জানান যে, ১০ টি শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব রয়েছে যা পরিদর্শন চলমান রয়েছে।	পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	সহকারী প্রোগ্রামার।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মোঃ নাজমুল হুদা)


উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।

স্মারক ০৫.৪৪.৬৫২৮.০০০.০৫.০০৬.১৯

তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য সবিনয়ে প্রেরণ করা হলো :

- ১। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।
- ২। জেলা প্রশাসক, নড়াইল।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।
- ৪। উপজেলা অফিসার, কালিয়া, নড়াইল। (আইসিটি বিষয়ক কমিটির সদস্য)
- ৫। অফিস নথি


(মোঃ নাজমুল হুদা)
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।

পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত সদস্যবৃন্দ	সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ
১. অধ্যক্ষ, সরকারি শহীদ আঃ সালাম ডিগ্রী কলেজ, নড়াইল।	১. সহকারী কমিশনার (ভূমি) কালিয়া, নড়াইল।
২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল।	২. উপজেলা কৃষি অফিসার কালিয়া, নড়াইল।
৩. উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল।	৩. উপজেলা মৎস অফিসার কালিয়া, নড়াইল।
৪. উপজেলা সমাজ সেবা অফিসার, কালিয়া, নড়াইল।	৪. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল।
৫. প্রধান শিক্ষক, কালিয়া সরকারী মডেল মাঃ বিঃ, কালিয়া, নড়াইল।	৫. অধ্যক্ষ, মুন্সী মানিক মিয়া কলেজ, কালিয়া, নড়াইল।
৬. কালিয়া পি,এস বালিকা বিঃ, কালিয়া, নড়াইল।	৬. উপজেলা প্রকৌশলী, কালিয়া, নড়াইল।
৭. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কালিয়া, নড়াইল	৭. অফিসার ইন চার্জ কালিয়া, নড়াইল।